

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৩১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ/৩১ মে ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৫.১১৪ — সমাজকল্যাণ প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজকর্মী জনাব প্রমোদ মানকিন গত ১১ মে ২০১৬ তারিখে ভারতের মুম্বাইয়ের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

২। জনাব প্রমোদ মানকিনের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৬ জ্যৈষ্ঠ ১৪২৩/৩০ মে ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(৮৯৭৯)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৬ জ্যৈষ্ঠ ১৪২৩
ঢাকা : ৩০ মে ২০১৬

সমাজকল্যাণ প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজকর্মী জনাব প্রমোদ মানকিন গত ১১ মে ২০১৬ তারিখে ভারতের মুম্বাইয়ের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

একজন একনিষ্ঠ সংগঠক হিসেবে একাত্তরের মুক্তিযুদ্ধে জনাব প্রমোদ মানকিনের অবদান ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঐ সময় ভারতের মেঘালয়ের শিববাড়ি শরণার্থী শিবিরে বিপুল সংখ্যক শরণার্থীর ব্যবস্থাপনা-সংক্রান্ত দায়িত্ব তিনি আন্তরিক ও সুষ্ঠুভাবে সম্পাদন করেন।

জনাব প্রমোদ মানকিন তাঁর বর্ণাঢ্য ও কর্মবহুল জীবনে বাংলাদেশ আওয়ামী লীগের সঙ্গে সক্রিয়ভাবে সংযুক্ত ছিলেন। মৃত্যুর অব্যবহিত পূর্বে তিনি বাংলাদেশ আওয়ামী লীগের হালুয়াঘাট উপজেলার সভাপতি এবং ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

স্কুল-শিক্ষক হিসেবে তিনি কর্মজীবন শুরু করেন। অতঃপর তিনি আইন পেশায় যোগদান করেন। এছাড়া তিনি এনজিওসহ বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠানের সঙ্গে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত হন। তিনি কোঅর্ডিনেটিং কাউন্সিল অন হিউম্যান রাইটস ইন বাংলাদেশ, বাংলাদেশ মানবাধিকার সমন্বয় কাউন্সিল ও বাংলাদেশ সমবায় ক্রেডিট ইউনিয়ন লীগ-এর ভাইস প্রেসিডেন্ট এবং বাংলাদেশ সমবায় ব্যাংক-এর পরিচালক হিসেবে দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ-ভারত মৈত্রী সোসাইটির ভাইস প্রেসিডেন্ট, অল পার্টি পার্লামেন্টারি গ্রুপ এবং আদিবাসী বিষয়ক সংসদীয় ককাস-এর অন্যতম সদস্য ছিলেন। জনাব মানকিন বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট-এর ভাইস-চেয়ারম্যান এবং দক্ষিণ-পূর্ব এশিয়া মানবাধিকার কমিশন-এর সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি মৃত্যুর অব্যবহিত পূর্ব পর্যন্ত বাংলাদেশ খ্রিস্টান অ্যাসোসিয়েশনের নির্বাচিত প্রেসিডেন্ট এবং ট্রাইব্যাল ওয়েলফেয়ার এসোসিয়েশনের কেন্দ্রীয় সভাপতি ছিলেন।

প্রয়াত এই রাজনীতিবিদ মোট চারবার জাতীয় সংসদের সদস্য নির্বাচিত হন। তিনি ২০০৯-১৩ মেয়াদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করেন। সর্বশেষ তিনি বর্তমান সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে তাঁর ওপর অর্পিত দায়িত্ব মৃত্যুর পূর্ব পর্যন্ত অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করে গেছেন।

বিশিষ্ট এ নেতার মৃত্যুতে দেশ একজন বীর মুক্তিযোদ্ধা, দক্ষ সংগঠক, বিশিষ্ট সমাজকর্মী এবং দেশপ্রেমিক রাজনীতিবিদকে হারাল। রাজনৈতিক ও সামাজিক অঙ্গনে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা জনাব প্রমোদ মানকিনের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছে। মন্ত্রিসভা তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd